# জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ক্লাস ফিরছে অনলাইনে

**প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়** : বৃহস্পতিবার, ০৮ আগস্ট ২০২৪




আগামী ১৮ আগস্ট থেকে অনলাইন ক্লাস শুরু হচ্ছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের। এদিকে আজকেই (বৃহস্পতিবার) খুলেছে একমাত্র ছাত্রীহল বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল।

আজ বৃহস্পতিবার সকালে ৯৮তম সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত হয়। বিষয়টি নিশ্চিত করেছে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার অধ্যাপক আইনুল ইসলাম।

আইনুল ইসলাম বলেন, অফলাইনে বা সশরীরে ক্লাস কখন থেকে হবে, তা সব অনুষদের ডিন, চেয়ারম্যান এবং আন্দোলনকারী শিক্ষার্থীদের সঙ্গে বসে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে।